FEB. 20 2001
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩

কম্পিউটার

# বইমেলায় সফটওয়্যার ও কম্পিউটার বিষয়ক বই

বাংলা একাডেমীর অমর একুশে বইমেলায় হাজারো বইয়ের পাশাপাশি বিভিন্ন দেশী সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠানের সফটওয়্যারও পাওয়া যাচ্ছে। হরেকরকম সফটওয়্যার নিয়ে মেলায় স্টল সাজিয়েছে হাইটেক প্রফেশনালস লি.। বইমেলায় হাইটেকের স্টলে শিশু শিক্ষা, বিনোদনমূলক এবং বিভিন্ন প্রশিক্ষণ সফটওয়্যার পাওয়া যাচ্ছে। উৎসাহীদের প্রচুর ভিড়ও লক্ষ্য করা গেছে হাইটেকের স্টলে। হাইটেক প্রফেশনালস লি.-এর স্টলে তাদের নিজস্ব প্রকাশনা, বাংলাদেশ '৭১, সোনামনি, কবি, ডিজিটাল বাংলাদেশ প্রভৃতি সফটওয়্যার পাওয়া যাচ্ছে। এগুলোর পাশাপাশি পাঠশালা, বিজ্ঞানের ১০০ মজার খেলা, শিশু, ইংলিশ টু বেঙ্গলি ডিকশনারি, বিভিন্ন প্রশিক্ষণমূলক সফটওয়্যার যেমন– ইলাস্ট্রেটর, থ্রিডি স্টুডিও ম্যাক্স, ওরাকল, এডবি ফটোশপ, জাভা, সি++, অফিস ২০০০, কোরাল ড্র ইত্যাদি পাওয়া যাচ্ছে। হাইটেক প্রফেশনালস লি. কর্তৃপক্ষ জানায়, মেলার শেষ দিকে তাদের 'বাউল' সফটওয়্যারটি প্রকাশিত হবে। এই সফটওয়্যারটিতে বাউল গান ও বাউল সম্প্রদায়কে নিয়ে বিস্তারিত উপস্থাপনা রয়েছে।

এছাড়া বইমেলায় কম্পিউটারের সফটওয়্যার ও হার্ডওয়্যারবিষয়ক বিভিন্ন বই পাওয়া যাচ্ছে। কম্পিউটারবিষয়ক এসব বইয়ের বিপুল চাহিদা রয়েছে তা খুব পরিষ্কার। কম্পিউটারবিষয়ক বইগুলোর স্টলে বিপুল লোক সমাগমই তার উৎকৃষ্ট প্রমাণ।

এবারের মেলায় জ্ঞানকোষ প্রকাশনীর স্টলে পাওয়া যাচ্ছে সদ্য প্রকাশিত লুৎফর রহমান চৌধুরীর বই 'ভিজুয়্যাল জে++', দাম ২০০ টাকা, একই লেখকের 'ডিএনএ ও এপিআই প্রোগ্রামিং' বইটি পাওয়া যাচ্ছে ১৭০ টাকায়। সুহৃদ সরকার রচিত 'এক্সপের্টিং নেটওয়ার্ক' বইটির দাম ২৫০ টাকা। আজিজুর রহমান খানের রচিত 'মাস্টারিং এক্সেল' বইটি পাওয়া যাচ্ছে ১৮০ টাকায়। একই লেখকের 'মাস্টারিং পিএল/পিএল এমকিউএল' বইটি পাওয়া যাচ্ছে ২৫০ টাকায়। শাহজাহান সজীব রচিত 'এডবি ফটোশপ ৬.০' বইটির দাম ৩০০ টাকা। মেলায় সিসটেক পাবলিকেশনস-এর স্টলে মাহবুবুর রহমান রচিত 'মাইক্রোসফট একসিস' বইটি পাওয়া যাচ্ছে ১৬০ টাকায়। এছাড়াও মুহম্মদ জালাল রচিত 'থ্রিডি স্টুডিও ম্যাক্স', কামরুল হায়দার রচিত 'কম্পিউটার কোষ', ছড়াকার আনজীর লিটনের কম্পিউটারের ছড়া প্রভৃতি বইও পাওয়া যাচ্ছে সিসটেক পাবলিকেশনসের স্টলে।

অনুপম প্রকাশনীর স্টলে সুজন হায়দার রচিত কম্পিউটারের কর্মশালা বইটি পাওয়া যাচ্ছে। দাম ৫০ টাকা। আবদুল্লাহ্-আল মুতী রচিত 'কম্পিউটারের আশ্চর্য জগৎ' বইটি পাওয়া যাচ্ছে ৭০ টাকায়। মেলায় মাওলা ব্রাদার্সের স্টলে সাজিদ হোসেন রচিত 'কম্পিউটার : জানার আছে অনেক কিছু' বইটি পাওয়া যাচ্ছে ২০০ টাকায়। নিমাই সরকারের লেখা 'আনন্দের কম্পিউটার' বইটি পাওয়া যাচ্ছে ৬০ টাকায়। নিমাই সরকারের